



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/০৪(৭৫৯)

তারিখ : ১৭ ডিসেম্বর, ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর নিম্নোক্ত বিভাগের জন্য স্থায়ী পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্র.নং	বিভাগ	পদের নাম	সংখ্যা	বেতন স্কেল
০১	পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং	সহযোগী অধ্যাপক	০১ (এক)টি	৫০০০০-৭১২০০/=
০২	ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি	সহযোগী অধ্যাপক	০১ (এক)টি	৫০০০০-৭১২০০/=

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ৩১ জানুয়ারি, ২০২১

আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর উক্ত পদের জন্য ৭০০/= (সাতশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। সহযোগী অধ্যাপক পদের জন্য ১১ সেট দরখাস্ত (তন্মধ্যে ২সেট ইংরেজীতে) রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।

আবেদনের সাথে প্রার্থীর প্রকাশনাসমূহের হার্ডকপি ও সফট কপি জমা দিতে হবে। যোগ্যতার কপি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ডেসপ্যাচ থেকে সংগ্রহ করা যাবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটেও পাওয়া যাবে।


রেজিস্ট্রার ১৭/১২/২০

স্মারক নং-রেজিঃ/০৪(৭৫৯)

তারিখ : ১৭ ডিসেম্বর, ২০২০



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর সহযোগী অধ্যাপক
পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা /অভিজ্ঞতা

প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে পিএইচডি বা সমমান ডিগ্রিসহ ০৭ (সাত) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা* থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা* থাকতে হবে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় স্বীকৃত* গবেষণা সাময়িকীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশিত কমপক্ষে ৩(তিন)টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ একটি গবেষণা প্রবন্ধের সমতুল্য বলে বিবেচিত হবে, তবে এ ধরনের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না। তার মধ্যে সহকারী অধ্যাপক থাকাকালীন ২ (দুই)টি মৌলিক গবেষণা প্রবন্ধ থাকতে হবে।


চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা :

*বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা সাময়িকী বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত গবেষণা সাময়িকী বুঝাবে। (তবে একাডেমিক কাউন্সিল কর্তৃক স্বীকৃত জার্নালের তালিকা প্রস্তুত না হওয়া পর্যন্ত মৌলিক গবেষণা প্রবন্ধ মূল্যায়নের বিষয়টি বাছাই বোর্ডের বিবেচনাধীন থাকবে)।

* অভিজ্ঞতা বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাবে গণ্য হবে, অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে। স্নাতক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষাপ্রদানকারী জাতীয় ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং সরকার ও বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য করা হবে।

*প্রতিটি পেটেন্ট একটি প্রবন্ধের সমতুল্য হিসেবে গণ্য হবে।

*জার্নাল বলতে Peer reviewed জার্নাল বুঝাবে।


রেজিস্ট্রার ১৭/১২/২০